দৈনিক ইনকিলাব

THE DAILY INQILAB

ঢাকা, বুধবার ২২ আশ্বিন ১৪১৬, ০৭ অক্টোবর ২০০৯

# মানব উন্নয়ন সূচক

ড. এম আজিজুর রহমান

*(পূর্ব প্রকাশের পর)*

আমরা যদি ১১৪টি Medium HDI অন্তর্ভুক্ত দেশগুলোকে HDI পদ্ধতিতে ranking করি তাহলে দেখা যাচ্ছে আমাদের সার্কভুক্ত সবগুলো দেশই Medium HDI তালিকার আওতায় পড়ে। যেমন মালদ্বীপের ২০০৬ সালের HDI তথ্য অনুযায়ী HDI Index ০.৭৪৯, শ্রীলংকা ০.৭৪২, ভুটান ০.৬১৩, ভারত .৬০৯, পাকিস্তান .৫৬২, নেপাল ০.৬১৩ ও বাংলাদেশের HDI Index হচ্ছে ০.৫২৪। পার্শ্ববর্তী দেশগুলোর ভেতরে সবচেয়ে বেশী HDI হল চীন, মালদ্বীপ ও শ্রীলংকা। সার্কভুক্ত দেশগুলোর ভেতরে মধ্যম স্তরে HDI হল ভুটান এবং ভারত। তারপরই স্থান পেয়েছে পাকিস্তান। সার্কভুক্ত দেশগুলোর ভেতরে সর্বনিম্ন HDIভুক্ত দেশ হল নেপাল ও বাংলাদেশ। উপরে উল্লেখিত বৈজ্ঞানিক পদ্ধতিতে উদ্ভাবনকৃত HDI মোটামুটিভাবে বিশ্ববাসীর কাছে গ্রহণযোগ্য বলে অর্থনীতিবিদ হিসেবে আমরা মনে করি। বিভিন্ন সমাজবিজ্ঞানী ও অন্যান্য সমালোচনার মুখেও HDIটি ফলপ্রসূভাবে গ্রহণ এবং প্রয়োগযোগ্য। কিছু কিছু সমাজবিজ্ঞানী এবং অন্যান্য বিশেষজ্ঞদের মতেউল্লেখিত HDIটি আরো একটু যুক্তিসঙ্গতভাবে পরিমার্জন, পরিবর্ধন করতে পারলে বিশ্ববাসীর কাছে HDI পদ্ধতি আরো বেশী গ্রহণযোগ্যতা পেত। এর ফলে HDI-এর প্রয়োগযোগ্যতা ও সুষ্ঠু ব্যবহার বাড়বে। আমরা বর্তমান বিশ্বের বিভিন্ন দেশের সাথে বিভিন্ন দেশকে এবং ওইসব দেশের HDI আরো যুক্তিসঙ্গত এবং বৈজ্ঞানিকভাবে তুলনা করে মানুষের জীবনের আয়ুষ্কাল, বয়স্ক শিক্ষা ও বিদ্যালয় গমনের মানুষের উন্নতি ও উন্নতিসাধন, উন্নয়ন, বিকাশ সাধন ও বিকাশলাভ, বর্ধনশীল, ক্রমবিকাশী ও বিবর্তনশীল মানুষের অবস্থা, মানুষের গড়পরতা বছর, বিভিন্ন দেশের মাথাপিছু আয়, GDP ইত্যাদির সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে আমরা HDI প্রতিটি দেশের জন্য প্রয়োগ করতে পারি, তা থেকে অতি সহজেই আমরা অবহিত হব কোন্ দেশের মানুষের কার্যক্রম অধিকহারে কল্যাণকর ও মঙ্গলজনক, কোন্ দেশের মানুষ কত সুখ-স্বাচ্ছন্দ্য ভোগ করছে ইত্যাদি পরিমাপ করে বিভিন্ন দেশের জন্য ফলপ্রসূ আর্থিক, সামাজিক ও রাজনৈতিক পরিকল্পনা হাতে নিতে আমরা সক্ষম হব। High Human Development Index হিসেবে High Income OCED দেশগুলোর সূচক ০.৯৫০ যেখানে High Development (Not high income) OCED দেশগুলোর সূচক ০.৯২৫। এখানে OCED দেশগুলোর পরিচিতির জন্য তাদের নাম সংযুক্ত করা হল– অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া, বেলজিয়াম, কানাডা, চেক রিপাবলিক, ডেনমার্ক, ফিনল্যান্ড, ফ্রান্স, জার্মানি, গ্রিস, হাঙ্গেরী, আইসল্যান্ড, আয়ারল্যান্ড, ইটালি, জাপান, কোরিয়া, লুক্সেমবার্গ, মেক্সিকো, নেদারল্যান্ড, নিউজিল্যান্ড, নরওয়ে, পোল্যান্ড, পর্তুগাল, স্লোভাকিয়া, স্পেন, সুইডেন, সুইজারল্যান্ড, তুরস্ক, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্র। High Development Index-এর অধীনে Central and Eastern Europe and the CIS-0.814, High Human Development Index-এর অধীনে Latin America and the Caribbean-0.810, Medium Human Development Index-এর অধীনে East Asia and the Pacific-0.762। আমরা Medium Human Development Index-এর অধীনে বা আওতাভুক্ত দেশগুলোর মান ও উন্নয়ন যদি গড়পরতা করি তাহলে বিশ্বব্যাপী High Development Index-এর দেশগুলোর গড়পরতা সূচক ০.৭৪৭। Medium Human Development Index-এর আরব রাষ্ট্রগুলোর সূচক ০.৭১৩। উন্নয়নশীল রাষ্ট্রগুলোর Medium Human Development Index ০.৬৮৮, SAARC দেশসংশ্লিষ্ট South Asian Mediudm দেশগুলোর HDI হচ্ছে ০.৬০৬। HDI-এর অনুন্নত দেশগুলোর বিশেষ করে সাহারা আফ্রিকা দেশগুলোর HDI হচ্ছে ০.৪৯৫ এবং সর্বশেষে আমরা যদি অনুন্নত দেশগুলোর ভেতরে সর্বনিম্ন দেশগুলোর গড়পরতা HDI নেই যার পরিসংখ্যান হবে ০.৪৮০। তাই উপরে উল্লেখ করা হয়েছে, বিশ্বের বিভিন্ন দেশের জন্য বৈজ্ঞানিকভাবে উদ্ভাবিত UNDP-এর HDI মডেল বা 'মানব উন্নয়ন সূচক' প্রয়োগ করে বাস্তবসম্মত ফল পাওয়া সম্ভব।

কল্যাণকামী মানুষের ভাল ও মন্দ বলতে আমরা যা বুঝি তা হল মানুষের মাথাপ্রতি আয়, উন্নতি ও প্রবৃদ্ধি। আয়ের সুষম বন্টন, দারিদ্র্য বিমোচন ও সুখীসমৃদ্ধ সমাজ গঠন। এখানে শুধু অর্থনৈতিক সংজ্ঞায় মানুষের আর্থিক ও মানসিক শান্তি, সামাজিক, রাজনৈতিক এবং মানবিক উন্নয়নের কথা আছে। কিন্তু সুখশান্তি অর্জনের প্রেক্ষাপটে মাপকাঠি হিসেবে শুধু অর্থ ও আর্থিক অবস্থার ব্যবহারকে অনেক বিশেষজ্ঞ ও বিশেষ করে দার্শনিক ও ডাক্তাররা যথেষ্ট মনে করেন না। সার্বিকভাবে মানুষের কল্যাণ বলতে যা বোঝায় মানুষ ব্যক্তিবর্গ বা সমগ্র মানব জাতির মানসিক স্বাস্থ্য, পারিবারিক ও জাতীয় স্বাস্থ্য কেমন আছে ইত্যাদি। মা আয়ুষ্কাল, বয়স্কদের স্কুল গমনকালের গড়পরতা বছর, আধুনিক জ্ঞান ও বিদ্যাবুদ্ধি অর্জন, বিশ্বের উন্নয়নশীল দেশের তুলনায় জীবনযাত্রার মান উন্নয়ন, সবকিছু মিলিয়ে বিভিন্ন দেশের মাপকাঠি হিসেবে UNDP কর্তৃক HDI বলে একটি সূত্র বা সূচকের উদ্ভাবন হয়। সূত্রটির বিভিন্ন দেশের মানবিক উন্নয়ন বা HDI হিসেবে পরিমাপের জন্য আন্তর্জাতিকভাবে প্রয়োগযোগ্য যা বিভিন্ন দেশের মানব উন্নয়নের দাড়িপাল্লা, তুলনামূলক সূচক সংখ্যা ও নির্দেশমূলক ফলপ্রসূ সূত্র হিসেবে গ্রহণযোগ্য বিভিন্ন দেশের স্বচ্ছলতা ও দরিদ্রতা সঠিকভাবে নিরূপণ করা এবং দরিদ্র্যতা কিভাবে বিমোচন করতে হবে তার জন্য সঠিকভাবে মানসম্পন্ন অর্থনৈতিক ও সংশ্লিষ্ট নীতিনির্ধারণের সম্ভাবনা যাচাই ইত্যাদি মানব উন্নয়ন সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ কারণেই উদ্ভাবিত হয় Human Development Index (HDI). *(সমাপ্ত)*

*লেখক : ভাইস চ্যান্সেলর, উত্তরা ইউনিভার্সিটি।*